

৩২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(জেলা পরিষদ শাখা)

জেলা পরিষদ, ফেনী।	
ক্রমিক	তারিখ
সহকারী সচিব	উপ সহকারী সচিব
উপ সহকারী সচিব	হিসাব রক্ষক
সহকারী সচিব	স্বাক্ষর
তারিখ: ০৬-০৯-২০০৭	

স্মারক নং - স্থাসবি/জেপশা/বাজেট-৩/২০০৭/ ৫০৩০

বিষয় : জেলা পরিষদের কর্মচারীদের পদোন্নতির জন্য ছাড়পত্র গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রচলিত নিয়মানুযায়ী জেলা পরিষদের কর্মচারীদের পদোন্নতি প্রদানের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ হতে ছাড়পত্র গ্রহণপূর্বক নিয়োগ ও বাছাই কমিটির মাধ্যমে পদোন্নতি যোগ্য কর্মচারীর পদোন্নতির প্রস্তাব প্রেরণ করা হয়ে থাকে। কর্মচারীদের পদোন্নতির বিষয়টি সহজতর করার লক্ষ্যে এখন হতে পদোন্নতি প্রদানের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্র গ্রহণের প্রয়োজন হবেনা। জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত কোন পদে পদোন্নতিযোগ্য কোন কর্মচারী থাকলে জেলা পরিষদের নিয়োগ ও বাছাই কমিটির মাধ্যমে পদোন্নতি প্রদানের জন্য যোগ্য প্রার্থী বাছাই করে সুপারিশসহ এ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি পর পদোন্নতির আদেশ জারী করতে হবে।

  
(মাহমুদা খাতুন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৭১৬৯২৭৪

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ----- (সকল)।